

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭৯০

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

জল জীবন মিশন

রাজ্যে ৬,৩০,৩১৯টি বাড়িতে পানীয়জলের সংযোগ

জল জীবন মিশনে রাজ্যের গ্রামীন এলাকায় এখন পর্যন্ত ৬ লক্ষ ৩০ হাজার ৩১৯টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই মিশনে গত ১ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত রাজ্যের গ্রামীন এলাকার ৬৭০টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নোডাল অফিসার এই সংবাদ জানিয়ে বলেন, ১ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত রাজ্যের উত্তর ত্রিপুরা জেলায় ২৯টি, উনকোটি জেলায় ১১টি, ধলাই জেলায় ৪১টি, খোয়াই জেলায় ১৭৯টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ১১৩টি, সিপাহীজলা জেলায় ১৮৫টি, গোমতী জেলায় ৪৮টি এবং দক্ষিণ ত্রিপুরা জেলায় ৬৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*